অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/5/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো রাজ্যের টিকাকরণ পরিকল্পনা সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ প্রদান করেছেন

আজ সকাল 11-টা পর্যন্ত, নিউ ইয়র্কের হেল্থ কেয়ার ডিস্ট্রিবিউশন সাইটগুলো সপ্তাহ 1-7 বরাদ্দের 99% এবং ফেডারেল সরকারের কাছ থেকে প্রাপ্ত মোট প্রথম ডোজের 93% পরিচালনা করেছে; সপ্তাহ 8 এর বরাদ্দকরণ আসতে শুরু করেছে

নতুন রাজ্যব্যাপী তথ্য যোগ্য কৃষ্ণাঙ্গ এবং ল্যাটিনো নিউ ইয়র্কবাসীদের মধ্যে কম টীকা গ্রহণের হার প্রকাশ করেছে; ABNY জরিপ দ্বিধা-দ্বন্দ্ব নিশ্চিত করেছে

টীকা ড্যাশবোর্ড প্রতিদিন আপডেট করা হবে রাজ্যের টীকা প্রোগ্রাম সম্পর্কে আপডেট প্রদান করতে; ny.gov/vaccinetracker যান

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ রাজ্যের টিকাকরণ কর্মসূচী সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ তথ্য প্রদান করেছেন। আজ সকাল 11-টা পর্যন্ত, নিউ ইয়র্কের স্বাস্থ্য সেবা বিতরণ সাইটগুলি 1,661,290টি প্রথম ডোজ পেয়েছে এবং ইতিমধ্যেই 93 শতাংশ বা 1,539,355টি টিকার প্রথম ডোজ প্রদান করেছে এবং প্রথম ও দ্বিতীয় ডোজের 80 শতাংশ প্রদান করেছে। এই সপ্তাহে ফেডারেল সরকারের সপ্তাহ 8 এর বরাদ্দকরণ প্রদানের জন্য সরবরাহকারীদের কাছে সরবরাহ করা চলছে। নিউ ইয়র্ক স্টেট হেল্থ কেয়ার ডিস্ট্রিবিউশন সাইটগুলো পুরো 1-7 সপ্তাহের 99% বরাদ্দকরণের প্রদান করেছে যা NYS এর কাছে সম্পূর্ণরূপে সরবরাহ করা হয়েছে এবং সরবরাহকারীরা আসার সাথে সাথে সপ্তাহ 8 এর বরাদ্দকরণ প্রদান করতে শুরু করেছে।

"টিকা প্রচেষ্টার শুরু থেকে, আমরা এটা পরিষ্কার করে দিয়েছি - আমাদের লক্ষ্য হচ্ছে যত দ্রুত এবং ন্যায়সঙ্গতভাবে সম্ভব বাহুতে শট প্রবেশ করানো এবং আমরা ঠিক সেটাই করছি," **গভর্নর কুওমো বলেন।** "যদিও তথ্য দেখাচ্ছে যে নিউ ইয়র্ক অত্যন্ত উচ্চ হারে এই টিকা প্রদান করছে, এই মুহূর্তে সব চেয়ে উদ্বেগের বিষয় হচ্ছে যে কৃষ্ণাঙ্গ সম্প্রদায়ের বেশীরভাগের মধ্যে এই টিকা নিতে অনীহা অব্যাহত আছে। আমরা এটা আশা করেছিলাম। আমরা প্রথম দিকে এটা নিয়ে কথা বলেছি। আমরা এর মোকাবেলা করছি, কিন্তু এটা এখনো বিদ্যমান। হ্যাঁ, সিস্টেমকে অবিশ্বাসের কিছু কারণ আছে, কিন্তু এই টিকার ক্ষেত্রে এটা সত্য নয়। এই দ্বিধাকে অবশ্যই সরাসরি তথ্য এবং বৈধতা দিয়ে মোকাবেলা করতে হবে। গুজব এবং কল্পকাহিনী দূর করতে কমিউনিটি লিডারদের সাথে অংশীদারিত্ব থেকে শুরু করে সরাসরি অনগ্রসর সম্প্রদায়ের মধ্যে টিকার সাইট স্থাপন করা, যেমন আমরা ইয়াঙ্কি

স্টেডিয়ামে করেছিলাম, আমরা এই ব্যাপারে যে কোন রাজ্যের চেয়ে নিউ ইয়র্কে বেশি কাজ করছি, এবং আমরা সেই প্রচেষ্টা দ্বিগুণ করছি। অবশেষে COVID এর বিরুদ্ধে এই যুদ্ধে জিততে হলে সবাইকে এক সাথে হতে হবে, এবং তা করার জন্য আমরা যথাসাধ্য চেষ্টা চালিয়ে যাব।"

উপরন্তু, গভর্নর যোগ্য জনসংখ্যা জুড়ে টীকা গ্রহণের হারের উপর রাজ্যব্যাপী জনসংখ্যাতাত্ত্বিক তথ্য প্রকাশ করেছেন। তথ্যগুলির বিশদ নিম্নরূপ:

1A – হাসপাতালের কর্মী	**1B – অপরিহার্য কর্মী**	**1B – 65+ জনসংখ্যা**
টিকা প্রাপকদের 63% শ্বেতাঙ্গ ছিল (যোগ্য জনসংখ্যার 70%)	টিকা প্রাপকদের 74% শ্বেতাঙ্গ ছিল (যোগ্য জনসংখ্যার 75%)	টিকা প্রাপকদের 78% শ্বেতাঙ্গ ছিল (যোগ্য জনসংখ্যার 77%)
টীকা প্রাপকদের 10% আফ্রিকান আমেরিকান (যোগ্য জনসংখ্যার 17%)	টীকা প্রাপকদের 5% আফ্রিকান আমেরিকান (যোগ্য জনসংখ্যার 17%)	টীকা প্রাপকদের 4% আফ্রিকান আমেরিকান (যোগ্য জনসংখ্যার 13%)
টীকা প্রাপকদের 10% হিস্পানিক বা ল্যাটিনো ছিল (যোগ্য জনসংখ্যার 9%)	টীকা প্রাপকদের 10% হিস্পানিক বা ল্যাটিনো ছিল (যোগ্য জনসংখ্যার 14%)	টীকা প্রাপকদের 5% হিস্পানিক বা ল্যাটিনো ছিল (যোগ্য জনসংখ্যার 12 %)
টিকা প্রাপকদের 16% এশীয় ছিল (যোগ্য জনসংখ্যার 12%)	টিকা প্রাপকদের 7% এশীয় ছিল (যোগ্য জনসংখ্যার 6%)	টিকা প্রাপকদের 8% এশীয় ছিল (যোগ্য জনসংখ্যার 7%)

এসোসিয়েশন ফর আ বেটার নিউ ইয়র্ক (Association for a Better New York) পরিচালিত সাম্প্রতিক এক জরিপে কৃষ্ণাঙ্গ, হিস্পানিক এবং এশিয়ান নিউ ইয়র্কবাসীদের মধ্যে এই টিকা নিয়ে দ্বিধা বৃদ্ধি পাওয়ার প্রবণতা নিশ্চিত করেছে। জরিপে দেখা গেছে: 78 শতাংশ শ্বেতাঙ্গ নিউ ইয়র্কবাসী এই টিকা গ্রহণ করবে তাদের কাছে তা উপলব্ধ হওয়া মাত্র, যেখানে কৃষ্ণাঙ্গ নিউ ইয়র্কবাসীদের 39 শতাংশ, হিস্পানিক নিউ ইয়র্কবাসীদের 54 শতাংশ এবং 54 শতাংশ এশিয়ান নিউ ইয়র্কবাসীদের তুলনায়, যারা একই কথা বলেছেন।

বর্তমানে আনুমানিক 7 মিলিয়ন নিউ ইয়র্কবাসী টিকা পাওয়ার যোগ্য। ফেডারেল সরকার পরের তিন সপ্তাহ ধরে সাপ্তাহিক সরবরাহ 20 শতাংশের বেশি বৃদ্ধি করেছে, কিন্তু নিউ ইয়র্কের বিশাল বিতরণ নেটওয়ার্ক এবং যোগ্য ব্যক্তিদের বৃহৎ জনসংখ্যা এখনও ফেডারেল সরকার থেকে আসা সরবরাহের থেকে অনেক বেশি। সীমিত সরবরাহের কারণে, নিউ ইয়র্কবাসীদের ধৈর্য ধরতে উৎসাহিত করা হচ্ছে এবং কোন অ্যাপয়েন্টমেন্ট ছাড়া টিকাকরণ সাইটে উপস্থিত না হওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।

স্টেটের টিকা ড্যাশবোর্ডে এখন ফেডারেল দীর্ঘমেয়াদী যত্ন সুবিধা প্রোগ্রাম এবং হাসপাতাল কর্মীদের জন্য টিকা দান অগ্রগতি প্রকল্পগুলির মাধ্যমে পরিচালিত টিকার জন্য কাউন্টি-বাই-কাউন্টি ব্রেকডাউন অন্তর্ভুক্ত। নিচের টিকাকরণ কর্মসূচীর সংখ্যাগুলি রাজ্যের টিকা কর্মসূচীর জন্য নিউ ইয়র্কে বন্টন এবং বিতরণ করা ডোজের সংখ্যা, এবং ফেডারেল সরকারের দীর্ঘমেয়াদী পরিচর্যার ফেসিলিটির কর্মসূচীর জন্য সংরক্ষিত ডোজ অন্তর্ভুক্ত করে না। তথ্যগুলির বিশদ বিবরণ আজ সকাল 11টা পর্যন্ত নিউ ইয়র্ক রাজ্যে রিপোর্ট করা সংখ্যাগুলির উপর ভিত্তি করে হল নিম্নরূপ। নিচে বরাদ্দের মোট সংখ্যা সপ্তাহ ৪ এর বরাদ্দের 33 শতাংশকে অন্তর্ভুক্ত করে, যা রবিবার নিউ ইয়র্ক সরবরাহকারীর সাইটে বিতরণ করা শেষ হবে।

রাজ্যব্যাপী বিশদ তথ্য

- প্রাপ্ত প্রথম ডোজ - 1,661,290
- প্রদান করা প্রথম ডোজগুলি - 1,539,355; 93%
- প্রাপ্ত দ্বিতীয় ডোজ - 794,650
- প্রদান করা দ্বিতীয় ডোজ - 413,512

অঞ্চল	**প্রাপ্ত মোট ডোজ (1ম ও 2য়)**	**প্রদান করা মোট ডোজ (1ম ও 2য়)**	**মোট ডোজের % যা প্রদান করাপ্রাপ্ত হয়েছে (1ম ও 2য়)**
Capital Region	151,210	121,861	81%
Central New York	120,590	107,503	89%
Finger Lakes	148,715	129,873	87%
Long Island	307,410	246,253	80%
Mid-Hudson	234,515	173,283	74%
Mohawk Valley	65,450	48,862	75%
New York City	1,120,765	847,299	76%
North Country	68,405	67,504	99%
Southern Tier	72,715	65,254	90%

Western New York	166,165	145,176	87%
স্টেটজুড়ে/সমগ্র স্টেটে	2,455,940	1,952,867	80%

	স্বাস্থ্যসেবা বিতরণ সাইটের জন্য নিউ ইয়র্কে 1ম ডোজগুলি সম্পূর্ণরূপে সরবরাহ করা হয়েছে	স্বাস্থ্যসেবা বিতরণ সাইটের জন্য নিউ ইয়র্কে 2য় ডোজগুলি সম্পূর্ণরূপে সরবরাহ করা হয়েছে	মোট	মোট
সপ্তাহ 1: ডোজ আসছে 12/14 – 12/20	90,675	0	90,675	N/A
সপ্তাহ 2: ডোজ আসছে 12/21 – 12/27	392,025	0	392,025	482,700
সপ্তাহ 3: ডোজ আসছে 12/28 – 01/03	201,500	0	201,500	684,200
সপ্তাহ 4: ডোজ আসছে 01/04 – 01/10	160,050	90,675	250,725	934,925
সপ্তাহ 5: ডোজ আসছে 01/11 – 01/17	209,400	45,825	255,225	1,190,150
সপ্তাহ 6:	250,400	428,100	678,500	1,868,650

ডোজ আসছে 01/18 – 01/24				
সপ্তাহ 7: ডোজ আসছে 01/25 – 01/31	250,400	160,450	410,850	2,279,500
সপ্তাহ 8: ডোজ আসছে 02/01 – 02/07*	106,840	69,600	176,440	2,455,940

**এই সংখ্যা 8 সপ্তাহের বরাদ্দের 33 শতাংশ প্রতিনিধিত্ব করে। 7 ফেব্রুয়ারি, রবিবার দিনের শেষে পুরো সপ্তাহ 8 এর বরাদ্দ এসে পৌঁছবে বলে আশা করা হচ্ছে।*

আজ পর্যন্ত, নিউ ইয়র্কের স্বাস্থ্য সেবা বিতরণ সাইটগুলি ফেডারেল সরকারের কাছ থেকে পাওয়া প্রথম ডোজের 93 শতাংশ প্রদান করেছে কিন্তু ফেডারেল সরকারের সীমিত বরাদ্দের কারণে, অ্যাপয়েন্টমেন্টগুলি দ্রুত পূরণ হয়ে গেছে। নিউ ইয়র্কবাসীরা যোগ্যতা নির্ধারণ করতে এবং একটি রাজ্য পরিচালিত গণ টিকাকরণ সাইটে একটি সাক্ষাৎকারের সময়সূচী নির্ধারণ করতে, 'আমি কি যোগ্য' ওয়েবসাইটে যান। নিউ ইয়র্কবাসীরা অতিরিক্ত তথ্যের জন্য এবং অ্যাপয়েন্টমেন্ট নেওয়ার জন্য অনুগ্রহ করে আপনার স্থানীয় স্বাস্থ্য বিভাগ, ফার্মেসি, ডাক্তার বা হাসপাতালে কল করুন যেখানে টিকা উপলভ্য আছে।

COVID-19 টিকা ট্র্যাকার ড্যাশবোর্ড COVID-19 টিকা বিতরণ সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ প্রদানের জন্য উপলভ্য। নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেল্থ (New York State Department of Health) 24 ঘন্টার মধ্যে সকল COVID-19 টিকা প্রদানের তথ্য রিপোর্ট করা বাধ্যতামূলক করে টিকাকরণ ফেসিলিটিগুলির জন্য; রাজ্যের টিকাকরণ প্রচেষ্টার সব চেয়ে হালনাগাদকৃত মেট্রিকস প্রতিফলিত করতে ড্যাশবোর্ডে টিকা দানের তথ্য প্রতিদিন আপডেট করা হয়।

যে নিউ ইয়র্কবাসীরা টিকা বিতরণ প্রক্রিয়ায় জালিয়াতি সন্দেহ করেন তারা এখন 833-VAX-SCAM (833-829-7226) বিনা মাশুলের নম্বরে কল করতে পারেন অথবা STOPVAXFRAUD@health.ny.gov এ রাজ্যের স্বাস্থ্য বিভাগকে (Department of Health) ইমেইল করতে পারেন। হটলাইন কর্মীরা যথাযথ তদন্তকারী সংস্থার কাছে অভিযোগ পাঠাবে যাতে নিউ ইয়র্কবাসীদের যাতে ঠকানো না হয় তা নিশ্চিত করা যায় যখন রাজ্য সম্পূর্ণ যোগ্য জনসংখ্যাকে টিকা দেওয়ার জন্য কাজ করছে।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন